



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৬.১৯-২৩৯

তারিখ: ১১ বৈশাখ ১৪২৬
২৪ এপ্রিল ২০১৯

বিষয়: ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে নির্বাচনি ব্যয় মনিটরিং কমিটি গঠন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ মে ২০১৯ তারিখে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও সংশ্লিষ্ট অন্যান্যগণ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৯ম অধ্যায়ে বর্ণিত নির্বাচনি ব্যয় সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন করছেন কি-না তা মনিটরিং এর জন্য মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে নির্বাচনি ব্যয় মনিটরিং কমিটি গঠন করা হলো:

নির্বাচনি ব্যয় মনিটরিং কমিটি

০১	আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল ও রিটার্নিং অফিসার	আহ্বায়ক
০২	সংশ্লিষ্ট ওয়ার্ডের সহকারী রিটার্নিং অফিসার	সদস্য
০৩	জেলা প্রশাসকের প্রতিনিধি	সদস্য
০৪	পুলিশ সুপারের প্রতিনিধি	সদস্য
০৫	জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ	সদস্য
০৬	উপজেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ সদর	সদস্য-সচিব

০২। উল্লিখিত কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(ক) প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক মনোনয়নপত্রের সাথে দাখিলকৃত সম্ভাব্য ব্যয়ের হিসাব বিবরণীর সাথে মিল রেখে ব্যয় করছেন কি-না তা মনিটরিং করা;

(খ) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৪৯ অনুসারে মেয়র ও কাউন্সিলর পদের প্রার্থীগণ নির্বাচনি ব্যয়ের সীমা যথাযথভাবে অনুসরণ করছেন কি-না তা মনিটরিং করা; এবং

(গ) প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও সংশ্লিষ্ট অন্যান্যগণ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৯ম অধ্যায়ে বর্ণিত নির্বাচনি ব্যয় সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন করছেন কি-না তা মনিটরিং করা।

০৩। এই কমিটি প্রয়োজনে অন্য কোন সরকারি কর্মকর্তা-কে কো-অপ্ট করতে পারবে।

০৪। উপর্যুক্ত কমিটি প্রতি ০২(দুই)দিন অন্তর মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় কমিশনারগণ, সচিব ও অতিরিক্ত সচিব মহোদয়ের ইন্টারনাল একাউন্টে প্রতিবেদন প্রেরণ করবেন এবং এর ০১(এক)টি অনুলিপি নির্বাচন ব্যবস্থাপনা-২ অনুবিভাগ, নির্বাচন পরিচালনা-২ অধিশাখা এবং নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখার ইন্টারনাল একাউন্টেও প্রেরণ করবেন।

০৫। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত কার্যপরিধি মোতাবেক দায়িত্ব পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব নির্বাচন পরিচালনা-২

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

Email: sasemc1@gmail.com

বিতরণ:

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ (০১জন প্রতিনিধির নাম রিটার্নিং অফিসারের নিকট প্রেরণের অনুরোধসহ)
- ০২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল ও রিটার্নিং অফিসার
- ০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ (০১জন প্রতিনিধির নাম রিটার্নিং অফিসারের নিকট প্রেরণের অনুরোধসহ)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd


- ০৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ
০৫। (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
০৬। উপজেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ সদর ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৬.১৯-২৩৯

তারিখ: ১১ বৈশাখ ১৪২৬
২৪ এপ্রিল ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, বিজিবি/এনএসআই/ডিজিএফআই/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৯. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১০. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
১৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ
১৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার- এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা.....(সংশ্লিষ্ট) থানা।


(মোহাম্মদ আশফাকুর রহমান)

সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা